OFFICE OF THE PRINCIPAL / SECRETARY
SATYA RANJAN COLLEGE
KALAIN :: CACHAR
ESTD - 1992
(Affiliated to Assam University Silchar)
e-mail : srcollege77@gmail.com
website : www.srcollege.ac.in
Land Phone : 03841291045
(M) - 9435239069
(M) - 9859099199

Supporting Documents for NAAC

Self-Study Report (SSR)

1st Cycle

PERIOD 2017-22

Criteria-2

(Teaching-learning and Evaluation)

Key Indicator 2.4.2

(Copies of Ph.D. thesis)

Metric Number 2.4.2.1

Copies of Ph.D./D.Sc / D.Litt./ L.L.D awareded by UGC recognized universities

Principal
S.R.COLLEGE
Kalain :: Cachar :: Assam

DR. BIJIT GOSWAMI (PRINCIPAL)

SATYA RANJAN COLLEGE, KALAIN

বিমল করের নির্বাচিত
পরিসর —

বাংলা বিভাগ
ভারতীয় ভাষা ও সংস্কৃ
ম বিশ্ববিদ্যালয়, শিলচর
ভারত

বিমল করের নির্বাচিত গল্প ঃ সম্পর্কের অপর পরিসর — একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন

আসাম বিশ্ববিদ্যালয়, শিলচর, বাংলা বিভাগে
পিএইচ. ডি. উপাধির জন্য প্রদত্ত গবেষণা সন্দর্ভ

পূর্ণিমা দাস
গবেষক, বাংলা বিভাগ
আসাম বিশ্ববিদ্যালয়

পঞ্জিয়ন নং - পিএইচ.ডি/১২৩৬/২০১০
তারিখ - ০৪.১০.১০

বাংলা বিভাগ
রবীন্দ্রনাথ ঠাকুর ভারতীয় ভাষা ও সংস্কৃতিবিদ্যা অধ্যয়ন অনুষদ
আসাম বিশ্ববিদ্যালয়, শিলচর-৭৮৮০১১
ভারত

DEPARTMENT OF BENGALI
Rabindranath Tagore School of
Indian Languages & Cultural Studies
Assam University, Silchar
(A Central University constituted under Act XIII of 1989)
Silchar - 788011, Assam, India.

CERTIFICATE

Certified that the thesis entitled "**Bimal Karer Nirbachito Golpe : Samparker apar parisar - Ekti Bishleshanatmak Adhyayan**" (English version: "**Selected short story of Bimal Kar : An interrelation discourse - An analytical views**") submitted for award of the Degree of Doctor of Philosophy in Bengali is a bonafide research work. This work has not been submitted previously for any other degree of this or any other University. It is further certified that the candidate has complied with all the formalities as per the requirements of Assam University. I recommend that the thesis may be placed before the examiners for consideration of award of the degree of this University.

Biswatosh Choudhury

(Dr. Biswatosh Choudhury)
Supervisor
Associate Professor
Department of Bengali
Assam University, Silchar

DECLARATION

I, Purnima Das, bearing Ph.D Registration No. Ph.D/1236/2010 dated 04.10.10 hereby declare that the subject matter of the thesis entitled "**Bimal Karer Nirbachito Golpe : Samparker apar parisar - Ekti Bishleshanatmak Adhyayan**" (English version : "**Selected short story of Bimal Kar : An interrelation discourse - An analytical views**") is the record of work done by me and that the content of this thesis did not form the basis for award of any degree to me or to anybody else to the best of my knowledge. The thesis has not been submitted in any other University/ Institute.

Purnima Das.

(PURNIMA DAS)

Candidate

Date : 29/9/2014

পূর্বলেখ

সাহিত্যে ছোটগল্প এমনই একটি বিষয় যার জন্য পাঠক মাত্রেই লালয়িত থাকেন। গল্প পড়ার ঝোঁক আমারও ছিল সেই কিশোর বয়স থেকেই। হাতের নাগালে যে যে গল্পকারের বই পেতাম এক নিঃশ্বাসে পড়ে নিতাম। ঠিক তেমনি ভাবেই 'বিমল করের শ্রেষ্ঠ গল্প' বইখানি পড়া। এক আশ্চর্য ভালোলাগার জগত তখন থেকে তৈরী হয়ে যায় আমার মনে। কিন্তু স্নাতকোত্তর স্তরে যখন 'বিমল করের নির্বাচিত গল্প ঃ সম্পর্কের অপর পরিসর ঃ একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ণ' শিরোনামে আমি গবেষণা সন্দর্ভ রচনায় ব্রতী হয়েছি, তখন ভয় ছিল কিভাবে মানবিক সম্পর্কের জটিলতাকে ও তাদের অন্তর্জগতের রহস্যকে উদ্ঘাটন করে তাদের সম্পর্কের প্রতিটি পরিসরকে উন্মুক্ত করব। ধীরে ধীরে ভয়ের পরিবর্তে এলো ভালোবাসা।

মানুষের জীবনে সুখ-দুঃখ, হাসি-কান্না ভরা। জীবনের মধ্যে দুঃখ, অসুস্থতা ও মৃত্যুই একমাত্র সত্য নয়। সত্য হচ্ছে মানবিক বিশ্বাস ও মূল্যবোধ, যা পারস্পরিক সম্পর্ককে সংযুক্ত করে রাখে। সময়ের ঘোলা জলে তা অন্তর্হিত হলেও কোথাও না কোথাও এর অস্তিত্ব রয়ে গেছে, যা নিয়ে মানুষ বাঁচে। আজও বাঁচার স্বপ্ন দেখে।

এই গবেষণা কার্যের পেছনে যাঁর নাম সশ্রদ্ধ ও সকৃতজ্ঞ চিত্তে সর্বপ্রথমে স্বীকার করতে হয়, তিনি আমার তত্ত্বাবধায়ক ড. বিশ্বতোষ চৌধুরী। তাঁর অসীম উৎসাহ ও তত্ত্বাবধানের ফলেই এই গবেষণাকার্য সম্পন্ন করা আমার পক্ষে সম্ভব হয়েছে। প্রচন্ড ব্যস্ততার মধ্যেও তিনি আমাকে সময় দিয়েছেন, নির্দেশ দিয়েছেন, দিয়েছেন সস্নেহ প্রশ্রয়। প্রয়োজনীয় বইপত্র ও বিভিন্ন সাহিত্য পত্র-পত্রিকা দিয়ে প্রতিনিয়ত আমাকে সাহায্য করেছেন। বুঝে না বুঝে অনেক ভুল করেছি। কিন্তু তিনি অসীম ধৈর্য্য সহকারে আমাকে গবেষণার সঠিক পথ নির্দেশ করেছেন। আমার সৌভাগ্য যে এমন একজন অধ্যাপকের তত্ত্বাবধানে গবেষণাকার্য সমাপ্ত করতে পেরেছি। তাঁকে আমার সশ্রদ্ধ প্রণাম।

শ্রদ্ধা নিবেদন করি বাংলা বিভাগের প্রত্যেক অধ্যাপক-অধ্যাপিকাকে। যাঁদের উৎসাহ ও অনুপ্রেরণা আমাকে প্রাণিত করেছে এই গবেষণাকার্যে।

সূচিপত্র

পৃষ্ঠা

ভূমিকা ১-১০

প্রথম অধ্যায় ১১-৪৫

বিমল কর ঃ ব্যক্তি জীবন ও সাহিত্য জীবন

দ্বিতীয় অধ্যায় ৪৬-৮০

বিমল কর পূর্ববর্তী বাংলা ছোটগল্প ঃ সম্পর্কের স্বরূপ সন্ধান

তৃতীয় অধ্যায় ৮১-১১১

বিমল করের গল্পবিশ্ব ঃ সম্পর্কের অপর পরিসর

চতুর্থ অধ্যায় ১১২-১৪৬

বিমল করের গল্প ঃ চরিত্র চিত্রায়ন

পঞ্চম অধ্যায় ১৪৭-১৯৯

বিমল করের গল্প ঃ মৃত্যু ও মৃত্যুত্তীর্ণ জীবন ভাবনা

উপসংহার ২০০-২০৯

গ্রন্থপঞ্জি ২১০-২১৬

ভূমিকা

সাম্প্রতিক পৃথিবীতে জীবনের সকল পরিধিতেই ভাঙাগড়া চলছে — জীবনে চিন্তাধারার যে পট পরিবর্তন হচ্ছে আর তারই সাথে সাথে মানবিক সম্পর্কের অন্তঃস্রোতে যে পরিবর্তনের ধারা নিত্য বহমানতা বজায় রেখে চলেছে তার সত্য চিত্র বর্তমান কালের বাংলাগল্পে আমরা পেয়ে যাই। এখন আর গল্পে বৈচিত্র্যের অন্বেষণ নয় বা গল্পের জন্য গল্প তৈরি করার মানসিকতা নিয়ে কোনো সচেতন গল্পকার আর কলম ধরেন না বরং যুগের চিন্তাধারা ও অভিজ্ঞতার হুবহু রূপদানের জন্য আধুনিক গল্পকে আদর্শ করে নেন। গভীর জীবনবোধের দ্বারা প্রাণিত আধুনিক কবিও মনের গভীরতার খুঁজে পেতে চান জীবনবোধের আধারকে বাহিরের বৈচিত্র্যতায় তাঁর আর আস্থা নেই —

"মত্ততা ছেড়ে মনের গভীরে এস না,
নেশায় নয়, থাক পরম পাওয়ার এষণা।
চারা পোঁতাটাই নয় ক আসল সত্য,
আছে কি না দেখ হৃদয়ের অনুগত্য।"

('সাগর থেকে ফেরা', প্রেমেন্দ্র মিত্র)

এই 'পরম পাওয়ার এষণা' — এ যুগের বাংলাগল্পে স্বকীয় সত্তার অন্বেষণে সততই ব্যাকুল। আমরা জানি সাহিত্য মূলতঃ দেশ-জাতি ও ব্যক্তি অস্তিত্বের দর্পণ, তাই আধুনিক গল্প-উপন্যাসের প্রেক্ষাপটে উপস্থাপিত হয়েছে সমসাময়িক সমাজ জীবনেরই বাস্তব আলেখ্য। প্রথম বিশ্বসমরের বিধ্বংসতা সরাসরি বাঙালী মধ্যবিত্তের পরিবারে তথা সমাজ জীবনে সেরকম কোনো সংকটের জন্ম না দিলেও বাঙালি বুদ্ধিজীবীদের সচেতন মানসিকতায় প্রচন্ড অভিঘাতের সৃষ্টি করেছিল নিজেদের অবস্থান সম্পর্কে। তারই তীব্র প্রতিক্রিয়া কল্লোল যুগের সাহিত্যিকরা রবীন্দ্র ঐতিহ্য সাহিত্য

সংস্কারের বিপক্ষে দাঁড়িয়ে পুরনো জীর্ণ প্রথা প্রকরণ, রীতি-নীতি ও মূল্যবোধকে অস্বীকার করে নব উপলব্ধ আত্মবিশ্বাসের প্রতীতি নিয়ে যে সাহিত্য সৃষ্টির আগমণকে স্বাগত জানালেন তা-ই আধুনিক সাহিত্যের অভিধায় ভূষিত। তারপর বিশ্বের দ্বারপ্রান্তে হানা দিল দ্বিতীয় বিশ্বমহাযুদ্ধ যা বাঙালি মধ্যবিত্ত মানসকে সরাসরি প্রভাবিত করল। এক নিদারুণ সংকটের অভিঘাতে বাঙালি জনজীবন ব্যতিব্যস্ত হয়ে উঠল। এছাড়াও দুর্ভিক্ষ, সাম্প্রদায়িক দাঙ্গা, দেশভাগ, মধ্যবিত্ত বাঙালির ঐতিহ্য লালিত সুখস্বপ্নের জগতটিকে ভেঙে দিয়ে ধুলি-ধূসরিত কঠিন বাস্তবের রূক্ষ্ম মৃত্তিকার সংস্পর্শে নিয়ে এলো। ছিন্নমূল বেকার সমস্যা, দরিদ্রতা এবং সার্বিকভাবে অবক্ষয় ও নৈরাজ্যের শিকার মানুষের আস্থা ও মূল্যবোধের আমূল রূপান্তর ঘটে গেল। এই অবক্ষয়িত যুগের হাত ধরে যুগযন্ত্রণার ব্যথা বুকে নিয়ে যাঁরা সাহিত্যের ক্ষেত্রে এলেন, স্বভাবতই তাঁদের জীবনদৃষ্টি কল্লোলের লেখক নির্দিষ্ট পথকে অনুসরণ করতে পারল না।

'কল্লোল' ও 'কালি কলমের' যুগ অতিক্রান্ত হয়ে যাবার পর বাংলার সাহিত্য গগণে নব প্রতিভার স্বাক্ষর বহন করে নিয়ে এলেন যেসব কথাসাহিত্যিক তাঁদের মধ্যে বিশেষভাবে উল্লেখ করা যায় — মানিক বন্দ্যোপাধ্যায়, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, সুবোধ ঘোষ, নরেন্দ্রনাথ মিত্র, প্রমথনাথ বিশী, নারায়ণ গঙ্গোপাধ্যায়, বনফুল, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, আশাপূর্ণা দেব, সন্তোষ ঘোষ, সুধীররঞ্জন মুখোপাধ্যায়, সমরেশ বসু, বিমল মিত্র, জ্যোতিরিন্দ্র নন্দী, বিমল কর, প্রতিভা বসু, দেবেশ রায়, গজেন্দ্র মিত্র প্রমুখ। এঁদের লেখার মধ্যে উঠে এল সমকালিন সময়ের কথা মানুষের জীবন জীবিকার সংকটের কথা আর সর্বোপরি ব্যক্তি অস্তিত্বের সংকটের কথা। মানুষের মনোজগতের বিভিন্ন রহস্যের দিক নিয়ে এই লেখকগণ বিশ্লেষণে তৎপর হলেন। সমসাময়িককাল, সামাজিক বিপর্যয়, একান্নবর্তী পরিবারের ভাঙন, নৈতিকতা ও মূল্যবোধের চরম অবক্ষয় ধরা পড়ল এঁদের লেখায়। 'কল্লোল' ও কল্লোলোত্তর এই সাহিত্যিকগণ সমাজ বাস্তবতাবোধকে পাথেয় করে নামলেন কঠিন কঠোর বাস্তবের কণ্ঠকাকীর্ণ পথে। এঁরা 'মুখোশ পরা নকল অসত্য'কে স্পষ্ট ভাষায় 'অসত্য' বলে ঘোষণা করলেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধ থেকে স্বাধীনতা প্রাপ্তির সময়-সীমায় দেখা দিয়েছে ছিন্নমূল মানুষের সমস্যা, বেকারত্ব, মন্বন্তর, দাঙ্গা, অর্থনৈতিক চাপ, শোষক ও শোষিতের শ্রেণীদ্বন্দ্ব। এই ঝঞ্ঝাবিক্ষুব্ধ পরিবেশের লেখকদের অন্তর্দৃষ্টিতে ধরা পড়ল এই উত্তাল সময় ও পরিবেশে ব্যক্তির

সংকট। আর অন্তর্দৃষ্টি ছাড়া ব্যক্তি অস্তিত্বের ও ব্যক্তি সম্পর্কের ঘনায়মান সংকটকে সনাক্ত করা সম্ভব হয় না। সামাজিক অসুস্থতা ও সমস্যাগুলিকে খালি চোখেই দেখা যায়। কিন্তু মানব মন ও তার সম্পর্কের অতি দুর্গম ও জটিল রহস্যের অন্বেষণের জন্য অন্তর্মুখী হওয়া চাই। এখানেই বিমল কর তাঁর সমসাময়িক অন্যান্য লেখকদের সঙ্গে পথ হাঁটতে গিয়েও শেষ পর্যন্ত স্বাতন্ত্র্য রক্ষা করেই চলেছেন।

বাংলা ছোটগল্পের জগতে বিমল কর এক বিশাল স্তম্ভ স্বরূপ। ষাটের দশকের শুরুতে বাংলা ছোটগল্পে যে পালাবদলের সূচনা হয়েছিল তা মূলতঃ বিমল করের গল্পের হাত ধরে। কারণ ছোটগল্প যে সচেতন লেখকের নিজেকে প্রকাশিত করার জায়গা — এই চিরন্তন সত্যকে স্বীকার করেই বিমল করের ছোটগল্পের জগত প্রতিষ্ঠিত। অতৃপ্ত জীবনের জিজ্ঞাসাকে রূপ দিতে গিয়েই গড়ে তুলেন তাঁর গল্পের জগত। গল্পের জাদুতে আচ্ছন্ন না হয়ে, তার মধ্যে মননকে, ও গভীরতা দিয়ে জীবনের প্রতিটি ক্ষেত্রকে প্রাধান্য দিয়েছেন তিনি। ব্যক্তির অন্তর্গত জটিলতা, ভিতর বাইরের যে যোগসূত্র, স্বপ্ন ও জাগরণে ব্যক্তিকে অদ্ভুতভাবে চালিত করে তার ছায়া ফেলে ব্যক্তির তথাকথিত সম্পর্কের পরিধিতে। আর তা থেকে সৃষ্টি হওয়া নিঃসঙ্গতা অন্তরজীবনের বেদনা ও অসহায়তাবোধ — বক্তব্য বিষয়ের এমন স্বাতন্ত্র্যতা বিমল করের গল্পে এক অনন্য মাত্রা যুগিয়েছে, যা কিছুতেই পূর্বতন ধারার অনুরনণ বলা যায় না। আত্মানুসন্ধানের বিশুদ্ধ সাধনার প্রয়াসেই গড়ে ওঠেছে তাঁর গল্পের জগত। তাঁর সৃষ্টিকর্ম তথা সৃষ্টি প্রেরণা উৎসমূল থেকেই সতত পরিবর্তমানতার ধারাকে বজায় রেখে চলেছে। তা বিমল করের লেখক জীবনে আত্মপ্রকাশের প্রথম পর্ব থেকে শুরু করে শেষবধি কাল পর্যন্ত, চিন্তাধারা তথা জীবনদৃষ্টির বিবর্তন ঘটেছে, তেমনি যথেষ্ট পরিণত হয়েছে তাঁর শিল্পীসত্তা। কিন্তু লক্ষণীয় যে তাঁর লেখক চরিত্র তথা শিল্পীমনের তেমন বড় [redacted]মাপের কোনো রূপান্তর ঘটেনি। আসলে বিমল করের উপমা বাংলার সাহিত্য জগতে হঠাৎ করে জ্বলে ওঠা কোনো গ্রহের সহিত হয় না বরং ধারাবাহিকভাবে উজ্জ্বলতা বিকিরণকারী সেই নক্ষত্রের সঙ্গে হয় যে তার আলো দিয়ে শুধু নিজেকে প্রকাশিত করে তুলেনি, স্বচ্ছ করে তুলেছে তাঁর আশে পাশের সমস্ত কিছুকেই।

এভাবেই বিমল কর সময়ের সাথে চলতে চলতে বহু বিচিত্র অভিজ্ঞতা সংগ্রহের মধ্য দিয়ে

সৎ, মহৎ, বিবেকবান ও দায়িত্বশীল কথাশিল্পীরূপে নিজের সুপরিণত শিল্প মনস্কের সমুৎকর্ষতাকে অভ্রান্ত প্রতিপন্ন করে রেখেছেন। কারণ দায়বদ্ধ ও মহৎ সৃজনশীল সাহিত্য স্রষ্টা সমকালিন সমাজ ও রাজনীতির পরিবর্তন তথা মূল্যবোধের অবক্ষয় ও অরাজকতার প্রত্যক্ষ সাক্ষী হয়ে নয়, বরং তার আঘাতে বিপর্যস্ত হয়ে রক্তাক্ত হৃদয় নিয়ে তাঁর সমগ্র সাহিত্য রচনার মধ্য দিয়ে কৌতূহলী থাকেন জীবনের প্রশ্ন সম্পর্কে যিনি মানুষের জীবনে লুকিয়ে থাকা রহস্যকে খুঁজে দেখার অপেক্ষা রাখেন — প্রকৃতপক্ষে তিনিই হতে পারেন একজন সত্যিকারের সাহিত্য সাধক। যে ক'জন হাতে গণনা করা সাহিত্যিককে সর্বাগ্রে আমরা এই অভিধায় ভূষিত করতে পারি নিঃসন্দেহে তাঁদের মধ্যে বিমল করও একজন। বস্তুতই, তিনি পাঠক মনোরঞ্জনী কাহিনী গ্রন্থনার কারুকার্যের লালিত্য সাধনে নয়, নিজস্ব সমাজ ও জীবন পরিবেশ তথা পারিপার্শ্বিকতার মধ্যে নিজেকে মিলিয়ে নিয়ে অভিজ্ঞতা সঞ্চয়ের মধ্যে দিয়ে আত্মন্বেষণে ব্রতী হয়েছেন বিমল কর, সে হিসেবে নিজেকে পরিবেশন ও গঠন কার্যের যে দুরূহ কঠিন কাজে হস্তক্ষেপ করেছেন, তার একমাত্র লক্ষ্য হল, সময় ও সমাজের সামগ্রিক পরিচয়ের গন্ডিতে যে অপরিচিত হৃদয় ও সম্পর্কের নিগড় গড়ে মানুষ বসবাস করে তার পরিসরের মধ্যে সমতা দান করা। তাঁর 'ইঁদুর', 'আত্মজা', 'পালকের পা', 'পলাশ', 'শীতের মাঠ', 'আঙুরলতা', 'আমরা তিন প্রেমিক ও ভুবন', 'আয়োজন', 'সুখ' — এইসব গল্পে লেখক প্রেম ও সমাজ সত্যরূপী মুখোশের অন্তরালে অবস্থিত মানুষের পারস্পারিক সম্পর্কের ঘূর্ণাবর্তকে চিহ্নিত করতে গিয়ে মনোজগতের তীক্ষ্ণ পর্যবেক্ষণে উদ্ভাসিত করে তুলেন মনুষ্য হৃদয়ের অনেকখানি না দেখা অংশ। আবার 'সোপান', 'জননী', 'অপেক্ষা', 'উদ্বেগ', 'সুধাময়', 'নিষাদ', 'অশ্বত্থ', 'নদীর জলে ধরা-ছোঁয়ার খেলা' — এইসব গল্পে আমরা পাই এক নতুন বিমল করের সন্ধান যিনি জীবন সম্পর্কে প্রচলিত ধ্যান-ধারণার বশ্যতাকে স্বীকার না করে, জীবনের এক নতুন কেন্দ্রবিন্দু সন্ধানে নিয়ত চঞ্চল। গল্পগুলিতে ঈশ্বরবোধ ধর্মবোধ ও নিয়তির কুহকীয় ব্যাখ্যার পিছনে না গিয়ে বিমল কর তার রহস্য অনুসন্ধানে ব্যাকুল, বিষাদে ভারাক্রান্ত ও সর্বোপরি অমোঘ মৃত্যু চেতনার গভীরে অবগাহন করে নবীন বিশ্বাসে সমায়িত। যদিও গল্পগুলিতে উঠে এসেছে আধুনিক মানুষের অস্তিত্ব ও সংশয়ের হিসেব নিকেশের ব্যাপার আর তার সাথে মৃত্যু চেতনার উপস্থিতি গল্পে জুড়ে দিয়েছে এক ভিন্ন মাত্রা। তবুও একথা বলতেই হয় যে তাঁর গল্পে মৃত্যু চেতনার প্রবণতা 'বিপন্নতা' বা

'মর্বিডিটি'র দ্বারা আক্রান্ত নয়। মৃত্যুর অন্ধকার কুয়োর মধ্যে সন্ধানী আলোর দৃষ্টি ফেলে তুলে এনেছেন জীবনের দু-একটি সম্ভাবনার কথা। যা 'হৃদয় সংবেদী' পাঠক মাত্রেই বিদিত।

বিমল কর তার আজীবনের সাহিত্য রচনায় ব্যক্তি মানুষকে গুরুত্ব দিয়েছেন। আর ব্যক্তি মানুষের সাথে অনিবার্যভাবে এসে পড়ে ব্যক্তি সম্পর্কের কথা। ব্যক্তি সম্পর্কের সুনিপুণ রূপকার বিমল কর কখনো মানুষের মনোগভীরে অবগাহন করে তার অতলে নিমজ্জিত সত্তাকে চিহ্নিত করেন আবার কখনো পারস্পারিক সম্পর্কের আড়ালে চাপা পড়ে থাকা ব্যাধিবিশঙ্কিত সম্পর্কের স্তরটিকে সনাক্ত করে তুলতেও কলম ধরেন। বিমল কর মানবিক সম্পর্কের প্রতিটি পরিসর ও তার প্রতিটি বিভঙ্গকে আশ্চর্য দক্ষতায় তাঁর গল্পের মধ্যে ফুটিয়ে তুলতে পারদর্শী।

কথাকার বিমল করের জীবনকথা ও ব্যক্তি বিমল করের লেখক বিমল কর হয়ে ওঠার কথাই এই সন্দর্ভের প্রথম অধ্যায়ের প্রতিপাদ্য বিষয়। আর তার সঙ্গে রয়েছে সমকালিন সামাজিক ও রাজনৈতিক কিছু টুকরো ঘটনার আভাস। কারণ যে কোনো মানুষকেই বুঝতে হলে প্রয়োজন তাঁর সমসাময়িক সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটকে বোঝা। এবং সঙ্গে পারিবারিক ক্ষেত্রকেও। আমরা লক্ষ্য করে থাকি বিমল করের ব্যক্তিজীবন যেমন এক গভীর সত্যবোধের দ্বারা প্রাণিত তেমনি সাহিত্য জীবনেও এর ব্যতয় ঘটেনি। তাই তথাকথিত সাহিত্যিক জনপ্রিয়তাকে করায়ত্ত করতে কিংবা পাঠক মনোরঞ্জনের মোহে আবিষ্ট হয়ে কোনো ধরনের অক্ষম চাতুরিকে গ্রহণ করে নেননি যেমন, তেমন ভঙ্গি সর্বস্ব কৌশলকেও সযত্নে পরিহার করে চলেন তাঁর আজীবনের সাহিত্য সাধনায়। সুখ দুঃখ শুভাশুভকে একইভাবে নিয়ে সত্যানুসন্ধানের এক অপরাজিত জীবনবোধের অভিজ্ঞানকেই গড়ে তুলেছেন বিমল কর তাঁর সাহিত্য সৃষ্টিতে। এছাড়াও উক্ত অধ্যায়ে বিমল করের কথাবিশ্ব, উপন্যাস ভাবনা এবং কথাসাহিত্যের নতুন ধ্যান-ধারণা তথা বিষয়বস্তুকে নিয়ে একটি সংক্ষিপ্ত আভাসকে ফুটিয়ে তোলার চেষ্টা রয়েছে। গবেষণা সন্দর্ভের মূল অধ্যায়ে যেহেতু 'বিমল করের নির্বাচিত গল্প ঃ সম্পর্কের অপর পরিসর' — তাই অবধারিতভাবে তার আগে এসে যায় বিমল করের পূর্ববর্তী বাংলা গল্পে সম্পর্কের স্বরূপ যা দ্বিতীয় অধ্যায়ের প্রতিপাদ্য বিষয়। উক্ত অধ্যায়ে বাংলাগল্পের সূচনা পর্ব থেকে বিমল করের পূর্ববর্তী কয়েকজন বিশিষ্ট গল্পকারদের নির্বাচিত কিছু সংখ্যক গল্পে মানবিক সম্পর্কের বহুমাত্রিক দিক ও ক্রম পরিবর্তনের ধারাই হয়ে উঠেছে এই

অধ্যায়ের বিষয়বস্তু।

তৃতীয় অধ্যায়ে গবেষণা সন্দর্ভের মূল বক্তব্য বিষয় হচ্ছে বিমল করের গল্পে সম্পর্কের ব্যাপ্ত পরিসরে প্রতিবিম্বিত রূপের সমন্বয়ে গড়ে ওঠা মানুষের জটিলতার কথা। আজীবন কালের রচনায় বিমল কর মানবিক সম্পর্কের প্রতিটি পরিসরকে খুঁটিয়ে খুঁটিয়ে পর্যবেক্ষণে প্রয়াসী হয়েছেন — যা তাঁর বরাবরই প্রিয় বিষয়। বিমল করের গল্প জুড়ে আমরা পাই চিরপরিচিত সম্পর্কের আশ্চর্য বিনির্মাণ ও পুনর্নির্মাণের কৌশলকে। বিশেষ করে নারী-পুরুষ সম্পর্কের বহুমাত্রিক দিক তথা আত্ম ও আত্মজ সম্পর্কের গভীরে নিমজ্জিত দু-একটা বাস্তব সত্যের মুখোশ অন্তত খুলে রাখেন পাঠকের সামনে। তবে সম্পর্কের গভীরে গিয়ে শুধু সম্পর্কহীনতাক চোখে আঙুল দিয়ে দেখানোই বিমল করের মূল লক্ষ্য এটা আমরা কখনও বলতে পারি না — তাই তাঁর 'পালকের পা', 'তুচ্ছ', 'বরফ সাহেবের ময়ে', 'এরা ওরা' প্রভৃতির মতো কিছু গল্পের শেষে আমরা দেখি সমস্ত পৃথিবী থেকে বিচ্ছিন্ন দুটি মানুষ কখনও পারস্পারিক সম্পর্কের নিভৃত কোনে খুঁজে পেতে চায় তাদের নির্বাসিত সত্তার পুনর্বাসনকে। যেমন করে তাঁর 'দেওয়াল' উপন্যাসের শেষে সুধা ও সুচারু একে অপরকে খুঁজে নিয়েছিল অথবা 'নির্বাসন' উপন্যাসের ললিত ও বিভা শেষ পর্যন্ত রচনা করে তুলে তাদের পারস্পারিক সম্পর্কের নিভৃততম দ্বীপটিকে। আপাত সুস্থতার আড়ালে লুকিয়ে থাকা ব্যাধিকে যেমন দেখিয়েছেন তেমনি ব্যাধিবিশঙ্কিত সময়ের পরিসর থেকে তুলে এনেছেন দু-একটি পরিপূর্ণ জীবনের ছবি। এই অধ্যায়ে বিমল করের গল্পে সম্পর্কের পরিসরকে বিস্তৃতভাবে আলোচনায় উপস্থাপিত করার জন্যে এবং জটিলতার মারপ্যাঁচে আবর্তিত মানবিক সম্পর্কের প্রতিটি পরিসরক তুলনামূলক ব্যাখ্যার ফাঁকে ফাঁকে কাহিনীর আভাসকে ফুটিয়ে তোলার প্রয়াসী হয়েছি যতটা সম্ভব সুশৃঙ্খল ভাবকে বজায় রেখে — যা সামগ্রীক আলোচনার জন্যে অপরিহার্য।

যে কোনো গল্পকারের গল্প আলোচনা অসম্পূর্ণ থেকে যায় তাঁর চরিত্র বিশ্লেষণ ছাড়া, তাই চতুর্থ অধ্যায়ের বিষয়বস্তু হচ্ছে, বিমল করের গল্পে চরিত্র বিশ্লেষণ। তাঁর গল্প কাহিনির আড়ালে কখনও চাপা পড়ে যায়নি চরিত্রগুলো বা কখনও চরিত্রকে অতিশয় উদ্ভাসিত করতে গিয়ে কাহিনিকে বাদ দেননি। এই দুটোই অতিশয় সু-সামঞ্জস্যভাবে তাঁর গল্পের পরিণতি সাধনের দিকে ধাবিত হয়। বিমল করের গল্পের সৃষ্ট চরিত্রগুলো অধিকাংশ ক্ষেত্রেই নিজেদের অসহায়তা নিয়ে যথেষ্ট বিপন্ন

বিষন্ন উদাস একাকী। চরিত্রগুলি একাকিত্বের দুঃসহ যন্ত্রণায় সঙ্কোচিত তথা লয়প্রাপ্ত। দ্বিধা দ্বন্দ্ব ও নিঃসঙ্গতার গ্লানি তাদেরকে নিয়ে যায় এক আত্মিক অবসাদে। আবার কোথাও ব্যাধিগ্রস্ত সম্পর্কের ভার বহন করে করে ক্লান্ত মানুষগুলি প্রায়শই ব্যস্ত হয়ে পড়ে সামনের ক্ষয়াটে দিনগুলির বোঝা কোনোক্রমে কাটিয়ে দেওয়ার জন্যে। আসলে প্রতিকূল পারিপার্শ্বিকতার প্রভাবেই এইসব শূন্য হৃদয়ে জন্ম দিয়ে চলে এই ধরণের বিচ্ছিন্নতাবোধের। প্রসঙ্গত একথা উল্লেখ করা যেতে পারে যে বর্তমান পৃথিবীতে মানুষের সম্পর্কের সমস্যাবলি এতই প্রবল যে তা সম্পর্কের প্রতিটি ধাপকে সংক্রমিত করে চলে, যেখানে চরিত্রের মধ্যে সংকট মোচনের অবকাশ সত্ত্বেও দ্বিধা সংশয় জেগেই থাকে; আর তাই প্রাত্যহিক জীবনের আঙিনায় পরিচিত সম্পর্কের নীড়ে ফিরে এলেও চরিত্রগুলির অস্বাভাবিকতা সহজে দূর হয় না।

বিমল করের গল্পে মৃত্যু একটি স্থায়ী প্রসঙ্গ। তাঁর সাহিত্য ভাবনায় মৃত্যুর ছায়ারূপ প্রকাশ লাভ করেছে ব্যক্তিগত অভিজ্ঞতার নিরিখে। কিন্তু শেষ পর্যন্ত ব্যক্তি সীমানার পরিধিকে অতিক্রান্ত করে তা বিস্তার লাভ করেছে সামগ্রিক জীবন আধারের পটভূমিতে। আমরা জানি, সুদৃঢ় মনোবল ও প্রচেষ্টার মাধ্যমে মানুষ অনেক সময়েই নিজেদের ভালোমন্দ নির্ণয়ে সক্ষম হয়। প্রতিকূল পরিবেশকে কাটিয়ে ওঠে। কিন্তু বিমল করের বেশ কিছু গল্পের মধ্যে কিংবা চরিত্রের মধ্যে এক ধরণের অদৃষ্টবাদ বা নিয়তি নির্ধারিত অমোঘ পরিণতির চূড়ান্ততা কাজ করে যায়, সেখানে বাকী সবকিছুই অর্থহীন হয়ে পড়ে। যেমন 'নিষাদ' গল্পের জলকু, 'উদ্বেগ' গল্পে শিশির, 'সুধাময়' গল্পে সুধাময় তথা 'অপেক্ষা' গল্পের শিবতোষ — এরা সবাই মৃত্যুভয়ে সদা আতঙ্কগ্রস্ত যে এদেরকে মৃত্যুতাড়িত চরিত্র বললেও বোধহয় অত্যুক্তি করা হবে না। জীবনের উৎসাহ উদ্দীপনার কক্ষপথ থেকে সম্পূর্ণ নির্বাসিত। অদৃষ্টবাদী এই ভাবনাকে অনেক সময় অহেতুক বোধ হলেও — জীবনের চরম প্রতিকূল পরিস্থিতির ক্ষেত্র নির্দেশনায় সুপ্রযুক্ত বলে মনে হয়। একথা অবশ্যই স্বীকার্য, অনেক সময় পরিস্থিতি মোকাবিলায় আমরা এতটাই বিপর্যস্ত হয়ে পড়ি, যেখানে অদৃষ্টের বিধানের উপর নির্ভরতা ব্যতীত অন্য কোনো উপায় থাকে না। মৃত্যুচিন্তা-মুখর দ্বিধাগ্রস্ত এই ভাবনা আসলে বিপন্ন অস্তিত্বের শূন্যতাকে বহন করেই এসেছে বিমল করের গল্পে। আমরা লক্ষ্য করে থাকি, তাঁর গল্পে মৃত্যুর আগমন ঘটেছে বিচিত্র পদ্ধতিতে, বিচিত্র চিত্রকল্পের মাধ্যমে। কখনও দৈহিক বিনাশের

পূর্ব মুহূর্তে মৃত্যু হয়ে ওঠেছে এক আশ্চর্য চরিত্র (নদীর জলে ধরা-ছোঁয়ার খেলা) আবার কখনও চিঠির ছদ্ম মোড়কে (অপেক্ষা গল্পে) তার সুস্পষ্ট উপস্থিতি লক্ষ্য করা যায় বা 'উদ্বেগ' গল্পে মৃত্যুর প্রতীক রূপে আমরা পাই চোরের হাতের সিঁদকাঠির রূপককে। তবে তাঁর গল্পে মৃত্যু শুধু দৈহিক গন্ডীতে সীমাবদ্ধ থাকেনি। যা দৈহিক বৃত্তের পরিধিকে ছাড়িয়ে অনেক ক্ষেত্রে আত্মিক বিনাশের পর্যায় হয়ে উঠেছে। আবার কখনও পারস্পারিক সম্পর্কের ভিত্তিভূমিকে নড়বড়ে করে দেওয়া চিন্তাচেতনার ফাঁক দিয়ে মৃত্যু তার সাম্রাজ্যকে কায়েম করেছে বিমল করের গল্পে। কিন্তু মৃত্যুবোধে তাড়িত হলেও বিমল করের গল্পে শুধুর মৃত্যুর কালো অন্ধকারই শেষ কথা হয় দাঁড়ায় না। কারণ বিমল করের মতো অন্তর্মুখী লেখক যখনই জীবনের ওপর আলোকপাত করেন তখন তার পেছনে মৃত্যুর ছায়া পড়বেই। কিন্তু তাই বলে জীবন সেখানে কোনোভাবেই উপেক্ষিত হয়নি হওয়া সম্ভবও নয় কারণ কায়ার সঙ্গে ছায়ার মতোই মৃত্যু ও জীবন অঙ্গাঙ্গীভাবে জড়িত। গভীর বিশ্বাস ও মানবিক সম্পর্কে স্থির প্রত্যয়ে তাঁর গল্প উত্তরণে প্রয়াসী। তাই পঞ্চম অধ্যায় ঃ বিমল করের গল্প ঃ মৃত্যু ও মৃত্যুত্তীর্ণ জীবন ভাবনা।

উপসংহার পর্যায়ে পূর্ববর্তী অধ্যায়ের আলোচনার সাপেক্ষে, আমরা দেখেছি বিমল করের 'নিজের' জন্য লেখা অধিকাংশ গল্পেই উঠে এসেছে সার্বিক মানুষের আত্মিক বেদনার কথা। আর এই আত্মিক বেদনার তো কোনো নিজস্ব সংরূপ থাকে না তা রূপায়িত হয়ে ওঠে সম্পর্কের আধারে। তাঁর গল্প আলোচনা কালে লক্ষ্য করা যায় তাঁর সৃষ্ট পাত্র-পাত্রীরা বাস্তবিকই কোনো না কোনো অসুস্থতায় পীড়িত, তবে সে অসুখ শারীরিক বা মানসিক যে কোনো কারণেই হতে পারে। আসলে বিমল কর তাঁর চরিত্রের মধ্যে যে অসুস্থতার চিত্র আঁকেন তা আপাত স্তরের অসুস্থতার গন্ডীকে পেরিয়ে বর্তমান কালের নৈতিক অবক্ষয়, মূল্যবোধের হনন, আধুনিক সভ্যতার বিকার এবং সর্বোপরি মানবিক সম্পর্কের ব্যাধিবিশঙ্কিত দিকটিকে চিহ্নিত করে তুলেন। স্নেহ-ভালোবাসাহীন মমত্ব বর্জিত মানুষের সম্পর্কহীনতার যন্ত্রণা যে ভয়ঙ্কর ব্যাধিতে আক্রান্ত মানুষের থেকেও কোনো অর্থে কম নয় — একথা অবশ্যই সত্য। শারীরিক ব্যাধির পরিত্রাণ যদিও আমাদের চিকিৎসা পদ্ধতিতে সম্ভব — কিন্তু মানবিক সম্পর্কের প্রতিটি স্তর মন্থন করে যে বিষাক্ত গরল উৎপন্ন হয় তার চিকিৎসা কোনো বাহ্যিক প্রক্রিয়ায় নয়, তা সম্ভব জীবনের প্রতি প্রগাঢ় ভালোবাসায়, পারস্পারিক নির্ভরতায়,

বিশ্বাসে এবং আস্থাবোধে।

বিমল করের ছোটগল্পের মধ্যে আমরা যে দিকটা বিশেষতঃ লক্ষ্য করি সেটা হচ্ছে — মানবিক সম্পর্কের জটিলতা, সম্পর্কের টানাপোড়েন, অসুস্থতা, মৃত্যু, একাকিত্ব ও অন্তর্মুখীনতা। তাঁর সৃষ্ট চরিত্রগুলোর মধ্যে কথার স্ফুলিঙ্গ ঝরে পড়ে না, বরঞ্চ তাঁদের অন্তরের গভীরতায় জমে থাকে কথার পাহাড়। যা শুধু সহৃদয় পাঠক হৃদয়ের অনুভূতি দিয়ে উপলব্ধি করতে পারেন। তাঁর গল্প শরীরে বিন্যস্ত হয়ে থাকা অসুস্থতার বাতাবরণ তা সামাজিক-পারিবারিক তথা ব্যক্তি সম্পর্কে যে কারণেই হোক না কেন, চরিত্রগুলো দাবি করে এক সুস্থ, সহজ সরল জীবনের। মৃত্যু, অসুস্থতা এবং চারপাশের কুটিল হিংস্রতার মধ্যে বাস করেও খুঁজে ফিরে এক অন্য ভুবনের সন্ধানে। সুস্থ-সবল-স্বাভাবিক জীবনের অনুসন্ধানই গল্পের নায়ক-নায়িকাকে পৌঁছে দেয় এক নবীন ভাবনায় দ্বারদেশে। যেখানে তারা প্রত্যেকেই খুঁজে পেতে চায় এক অনন্য জীবনবোধের আধারকে এবং তথাকথিত সমস্ত সম্পর্কের পরিধিতে গভীর বিশ্বাসে নিমজ্জিত মানবিক সত্তাকে।

প্রথম অধ্যায়

বিমল কর ঃ ব্যক্তি জীবন ও সাহিত্য জীবন

"আজ থেকে দশ-পনেরো বছর পরে কোনও পাঠক আমার লেখা পড়বেন এমন অবিশ্বাস্য কল্পনা আমি করি না। সে চিন্তায় আমি বিন্দুমাত্র উদ্বিগ্ন নই। কাল মহাকাল যুগ — এসব পোশাকী কথার কোনও অর্থ আমার কাছে নেই।"[১]

বিমল কর তাঁর রচনা কালোত্তীর্ণ হবে কি না এ নিয়ে সংশয় প্রকাশ করলেও কিংবা উচ্চ প্রত্যাশা প্রকাশ না করলেও একথা বলার প্রায় বহুকাল অতিবাহিত হওয়ার পরও আজকের পাঠক-সমাজ তাঁকে বাদ দিয়ে বাংলা কথাসাহিত্যের কথা আজ আর ভাবতেই পারে না। তথাপি বিস্ময়ের ব্যাপার এই যে বিমল করের মতো বিরল কথাকারের সৃষ্টি সম্ভার নিয়ে বিক্ষিপ্তভাবে আলোচনা পর্যালোচনা হলেও তাঁর কথাসাহিত্য নিবিড় পর্যবেক্ষণের দাবী করে। বাংলা কথাসাহিত্যের জগতে বিমল কর এক উজ্জ্বলতম জ্যোতিষ্ক; যার হাত ধরে বাংলা কথাসাহিত্য পেয়েছে এক মুক্ত পরিসরের সন্ধান। 'ছোটগল্প নতুন রীতি' আন্দোলনের পুরোধা ব্যক্তিত্ব বিমল কর ছিলেন কথাসাহিত্যের ক্ষেত্রে নবীন প্রজন্মের 'পথের দিশারী'। তিনি লিখেছেন প্রায় দীর্ঘ অর্ধ শতকব্যাপী। তাঁর প্রত্যক্ষ অভিজ্ঞতায় উঠে এসেছে সময়ের সেই বিচিত্র ওঠানামার দৃশ্য, লক্ষ্য করেছেন তিনি পরিসরের নানা রূপ বদলকেও।

জীবন প্রতিনিয়তই পরিবর্তনশীল। বহু বর্ণের খেলা দেখিয়ে চলেছে অহরহ, প্রত্যহ যেখানে চলেছে ভাঙনের খেলা। কিংবা নব নবীনের হয়ে ওঠার নির্মাণ কৌশল। তবে দায়িত্বশীল শিল্পী এড়িয়ে যেতে পারেন না নির্মম, নিষ্ঠুর বড় সত্যকেও। যুগের সঙ্গে তাল মিলিয়ে না চললে যুগ যে

উপসংহার

একই জীবনাধারে যখন পারস্পরিক সম্পর্কের পরিধি নির্ধারিত হয়ে যায় তখন মানুষের ব্যক্তিগত দ্বন্দ্ব বা জটিলতা বলে কিছু থাকে না যা অনায়াসেই প্লাবিত হয়ে যায় সম্পর্কের অপর পরিসরে। আর তাই কোনো মানুষেরই একক কিংবা নিজস্ব পরিচয়ের কোনো ব্যাখ্যা থাকে না। বিভিন্ন সম্পর্কের পরিসরে ব্যাপ্ত রূপের আধারে গড়ে ওঠে মানুষের একটি পূর্ণাঙ্গ অস্তিত্বের পরিচয়। আসলে, একটি মানুষ তার একটি জীবনে বয়ে বেড়ায় বিচিত্র সম্পর্কের বিন্যাসগত বহুমাত্রিক দিককে। নৈতিক-অনৈতিক, তথা সমাজের প্রত্যেকটি স্তরে বিভক্ত হয়ে চলে নির্ধারিত সম্পর্কের নব মূল্যায়ন। সম্পর্কের প্রত্যেক পরিসরে সেই ব্যক্তিমানুষের অস্তিত্ব বিভাজিত হয়ে পড়ে ভিন্ন স্বরূপে। সভ্যতার ইতিহাসে মানুষ নিরন্তর এগিয়ে যাচ্ছে, কিন্তু তার সাথে করে জন্ম দিয়ে যাচ্ছে নিত্য নতুন জটিলতার — আর যা অজান্তে এসে ছায়া ফেলছে তাদের সম্পর্কের বিভিন্ন পরিধিতে। বাল্যকাল থেকেই ব্যক্তির চারপাশে রচিত হয়ে চলে অজস্র সম্পর্কের সংযোগ সেতু — যার কেন্দ্রবিন্দু স্বরূপ নারী-পুরুষ সম্পর্কের অবস্থান সর্বপ্রধান। কারণ তাকে কেন্দ্র করেই আবর্তিত হয় বাকী সব সম্পর্কের বিন্যাসগত কৌশল। সমাজ জীবনে নারী-পুরুষ সম্পর্ক নিয়ন্ত্রিত হয় প্রেম ও বিবাহের ভিত্তিতে। প্রেম যদি নারী-পুরুষ সম্পর্কের উৎস হয়ে থাকে তবে বলতে হয় বিবাহে তার পরিণতি। কিন্তু মানুষের হৃদয় যদি জীবনের সরল গতির বশীভূত হয়ে যেত তা হলে হয়তো সুখ-দুঃখের অনুভূতিতে কোনো ফারাকই থাকতো না। মানুষের হৃদয় যেহেতু বহু জটিল বাঁক নিয়ে প্রবাহিত হয়ে আপন গতিপথে এগিয়ে যায় তাই তার চারপাশে গড়ে ওঠে জটিল সমস্যার চোরাবালি — যাতে সে নিজেই একদিন নিমজ্জিত হয়ে বসে। তবুও এর মাঝেই বেঁচে থাকা, জীবনের পথ ধরে চলা। কখনও চিরপরিচিত দাম্পত্য সম্পর্কের আড়ালে নিঃসম্পর্কিত দুটি জীবনের বেঁচে থাকার আখ্যানে ব্যর্থতা ও শূন্যতাবোধের গ্লানি জমে ওঠে, আবার কখনো বা বিরুদ্ধ আবহাওয়ায় কবোষ্ণ দুটি হৃদয় পরস্পরের সান্নিধ্যের স্নিগ্ধতায় খুঁজে পেতে চায় এক অনন্য জীবনবোধের জগতকে।

গ্রন্থপঞ্জি

ক) আকর গ্রন্থ ঃ

১. কর বিমল, পঞ্চাশটি গল্প, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ২০০৮।

২. ঐ, বিমল করের শ্রেষ্ঠ গল্প, আশা প্রকাশনী, কলকাতা-৯।

৩. ঐ, আমি ও আমার তরুণ লেখক বন্ধুরা, করুণা প্রকাশনী, কলকাতা-৯, ১৩৯২ বঙ্গাব্দ।

৪. ঐ, উড়োখই (১ম পর্ব), আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ১৯৯২।

৫. ঐ, উড়োখই (২য় পর্ব), আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ১৯৯৪।

৬. ঐ, বিমল কর-এর বাছাই গল্প, মন্ডল বুক হাউস, কলকাতা-৯।

৭. ঐ, দেওয়াল, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ১৯৯৬।

৮. ঐ, উপন্যাস সমগ্র-১, আনন্দ পাবলিশার্স, ১৯৯৯।

৯. ঐ, ফানুসের আয়ু — একত্র ঃ ৩, বিকাশ গ্রন্থভবন, প্রথম প্রকাশ, বইমেলা ১৯৯৩।

১০. ঐ, সরস গল্প, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, প্রথম সংস্করণ ঃ নভেম্বর ১৯৮৫, পঞ্চম মুদ্রণ মার্চ, ২০১০।

খ) সহায়ক আলোচনামূলক বাংলা গ্রন্থ ঃ

১. বঙ্কিম রচনাবলী, ১ম খন্ড, সমগ্র উপন্যাস, সাহিত্য সংসদ, প্রথম প্রকাশ - আশ্বিন ১৩৬০, বিংশতম মুদ্রণ, শ্রাবণ ১৪১০।

২. ঠাকুর রবীন্দ্রনাথ, গল্পগুচ্ছ অখন্ড, বিশ্বভারতী, কলকাতা-১৭, শ্রাবণ, ১৪১০।

৩. গুপ্ত জগদীশ, জগদীশ গুপ্তের রচনাবলী, বসুমতি সাহিত্য মন্দির, শ্রাবণ, ১৩৬০।

৪. মুখোপাধ্যায় শৈলজানন্দ, শ্রেষ্ঠ গল্প, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ, মে ২০০২।

গ্রন্থপঞ্জি

ক) আকর গ্রন্থ ঃ

১. কর বিমল, পঞ্চাশটি গল্প, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ২০০৮।

২. ঐ, বিমল করের শ্রেষ্ঠ গল্প, আশা প্রকাশনী, কলকাতা-৯।

৩. ঐ, আমি ও আমার তরুণ লেখক বন্ধুরা, করুণা প্রকাশনী, কলকাতা-৯, ১৩৯২ বঙ্গাব্দ।

৪. ঐ, উড়োখই (১ম পর্ব), আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ১৯৯২।

৫. ঐ, উড়োখই (২য় পর্ব), আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ১৯৯৪।

৬. ঐ, বিমল কর-এর বাছাই গল্প, মন্ডল বুক হাউস, কলকাতা-৯।

৭. ঐ, দেওয়াল, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, ১৯৯৬।

৮. ঐ, উপন্যাস সমগ্র-১, আনন্দ পাবলিশার্স, ১৯৯৯।

৯. ঐ, ফানুসের আয়ু — একত্র ঃ ৩, বিকাশ গ্রন্থভবন, প্রথম প্রকাশ, বইমেলা ১৯৯৩।

১০. ঐ, সরস গল্প, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, প্রথম সংস্করণ ঃ নভেম্বর ১৯৮৫, পঞ্চম মুদ্রণ মার্চ, ২০১০।

খ) সহায়ক আলোচনামূলক বাংলা গ্রন্থ ঃ

১. বঙ্কিম রচনাবলী, ১ম খন্ড, সমগ্র উপন্যাস, সাহিত্য সংসদ, প্রথম প্রকাশ - আশ্বিন ১৩৬০, বিংশতম মুদ্রণ, শ্রাবণ ১৪১০।

২. ঠাকুর রবীন্দ্রনাথ, গল্পগুচ্ছ অখন্ড, বিশ্বভারতী, কলকাতা-১৭, শ্রাবণ, ১৪১০।

৩. গুপ্ত জগদীশ, জগদীশ গুপ্তের রচনাবলী, বসুমতি সাহিত্য মন্দির, শ্রাবণ, ১৩৬০।

৪. মুখোপাধ্যায় শৈলজানন্দ, শ্রেষ্ঠ গল্প, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ, মে ২০০২।

৫. ভট্টাচার্য সৌরীন সম্পাদিত, প্রেমেন্দ্র মিত্রের শ্রেষ্ঠ গল্প, দে'জ পাবলিশিং, কলকাতা-৭৩, মে ২০০১।

৬. বন্দ্যোপাধ্যায় মানিক, পুতুল নাচের ইতিকথা, প্রকাশ ভবন, প্রথম সংস্করণ ১৩৩৬/সপ্তবিংশ মুদ্রণ - শ্রাবণ ১৪০৬।

৭. চক্রবর্তী যুগান্তর সম্পাদিত, মানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প, বেঙ্গল পাবলিশার্স প্রাঃ লিঃ, প্রথম প্রকাশ - শ্রাবণ ১৩৫৭, সপ্তদশ মুদ্রণ - ভাদ্র ১৪০৫।

৮. ভট্টাচার্য জগদীশ সম্পাদিত, সুবোধ ঘোষের শ্রেষ্ঠ গল্প, প্রকাশ ভবন, প্রথম সংস্করণ - জ্যৈষ্ঠ ১৩৫৬, পুনর্মুদ্রণ - ফাল্গুন ১৪০১।

৯. ঘোষ সুবোধ, গল্প সংগ্রহ, ১ম খন্ড, প্রাইমা পাবলিকেশনস্, ২য় মুদ্রণ - নভেম্বর ১৯৮১।

১০. বসু নিতাই সম্পাদিত, জ্যোতিরিন্দ্র নন্দীর নির্বাচিত গল্প, দে'জ পাবলিশিং, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ - ১৯৮৯, দ্বিতীয় মুদ্রণ - ১৯৯৯।

১১. মিত্র নরেন্দ্রনাথ, গল্পমালা-১, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, প্রথম সংস্করণ ডিসেম্বর ১৯৮৬, সপ্তম মুদ্রণ - নভেম্বর ২০০৩।

১২. মুখোপাধ্যায় অরুণকুমার, মধ্যাহ্ন থেকে সায়াহ্নে, প্রথম প্রকাশ - জুলাই ১৯৯৪ / সংশোধিত ও পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ - ডিসেম্বর ২০০৯, অগ্রহায়ন ১৪১৬।

১৩. ঐ, কালের প্রতিমা, দে'জ পাবলিশিং, কল-৭৩, এপ্রিল ১৯৯১।

১৪. ঐ, কালের পুত্তলিকা, বাংলা ছোটগল্পের একশ'দশ বছর / ১৮৯১-২০০০, দে'জ পাবলিশিং, কল-৭৩, প্রথম প্রকাশ - আগস্ট ১৯৮২ / তৃতীয় সংস্করণ - এপ্রিল ২০০৪।

১৫. ঐ, বাংলা কথাসাহিত্য জিজ্ঞাসা, দে'জ পাবলিশিং, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ - জুন ২০০৪, জ্যৈষ্ঠ ১৪১১।

১৬. ঐ, সাহিত্য এপার বাংলা ওপার বাংলা, দে'জ পাবলিশিং, প্রথম প্রকাশ - ডিসেম্বর ২০০৯, অগ্রহায়ণ ১৪১৬।

১৭. বসু অরুণকুমার, কথাশিল্পের নানা দিক, মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ, কলকাতা-৭৩, নভেম্বর ২০০৬।

4. Twayne's World Authors Series : A survey of the World's Literature, Sylvia E. Browman (general editor), Juan Goytisolo - Kessel Schwarzy, Twanyene Publishers : 1970.

ঘ) সহায়ক আলোচনামূলক বাংলা পত্র-পত্রিকা ঃ

১. দেশ, ১৮ জুলাই ১৯৯২ সংখ্যা, আনন্দবাজার পত্রিকা লিমিটেড, কলকাতা-১।

২. তদেব, ১৬ জানুয়ারি, ১৯৯৩।

৩. তদেব, ২২ এপ্রিল, ১৯৯৫।

৪. তদেব, ১৬ ডিসেম্বর, ১৯৯৫।

৫. তদেব, ১৭ জুলাই, ১৯৮৫।

৬. এবং মুশায়েরা, তৃতীয় বর্ষ, তৃতীয় ও চতুর্থ সংখ্যা, অক্টোবর-ডিসেম্বর ১৯৯৬, জানুয়ারি-মার্চ ১৯৯৭।

৭. তীব্র কুঠার, দশম বর্ষ, দ্বিতীয় সংখ্যা, জানুয়ারি ২০০৩।

৮. তদেব, শারদ সংখ্যা, ১৪০৩।

৯. সামন্ত সুবল সম্পাদিত এবং মুশায়েরা, নবম বর্ষ ২/৩, শারদীয় ১৪০৯।

১০. ঘোষ দেবাংশু সম্পাদিত একালের গল্পচর্চা, বর্ণমালা, আষাঢ় ১৪১৫।

১১. চন্দ্র বীরেন সম্পাদিত, উত্তরধ্বনি, ৩০ বর্ষ, শারদ , ১৪১৪।

১২. ভট্টাচার্য সুবোধ, মুখোপাধ্যায় সুজিত, ইন্দু অরুণ সম্পাদিত সাহিত্যপত্র নহবত, ৩০ বর্ষ, ১৯৯৩।

১৩. জিজ্ঞাসা, দশম বর্ষ, চতুর্থ সংখ্যা, জানুয়ারি-মার্চ, ১৯৯০।

১৪. কোরক সাহিত্য পত্রিকা, বিমল কর সংখ্যা, বইমেলা ১৯৯৭।

১৫. সাক্ষাৎকার ঃ বিমল কর, " ...আমার পরিশ্রমটা অনেকটা মজুরের মতো" দেশ, সাপ্তাহিক, ৩রা নভেম্বর ১৯৯০।

বরাক উপত্যকার মুসলিম মরমি গীতিকার : সাধন ও নন্দন

আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে
পিএইচ.ডি উপাধির জন্য প্রদত্ত গবেষণা অভিসন্দর্ভ

উপস্থাপক :

ইমদাদুর রহমান

বাংলা বিভাগ, আসাম বিশ্ববিদ্যালয়, শিলচর

পঞ্জীয়নক্রম - পিএইচ.ডি/১৪২৪/২০১১
তারিখ - ১১.০৪.২০১১

বাংলা বিভাগ
রবীন্দ্রনাথ ঠাকুর ভারতীয় ভাষা ও সংস্কৃতি অধ্যয়ন অনুষদ
আসাম বিশ্ববিদ্যালয়, শিলচর - ৭৮৮ ০১১, ভারত
২০১৪

বরাক উপত্যকার মুসলিম মরমি গীতিকার : সাধন ও নন্দন

আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে
পিএইচ.ডি উপাধির জন্য প্রদত্ত গবেষণা অভিসন্দর্ভ

উপস্থাপক :

ইমদাদুর রহমান

বাংলা বিভাগ, আসাম বিশ্ববিদ্যালয়, শিলচর
পঞ্জীয়নক্রম - পিএইচ.ডি/১৪২৪/২০১১
তারিখ - ১১.০৪.২০১১

বাংলা বিভাগ
রবীন্দ্রনাথ ঠাকুর ভারতীয় ভাষা ও সংস্কৃতি অধ্যয়ন অনুষদ
আসাম বিশ্ববিদ্যালয়, শিলচর - ৭৮৮ ০১১, ভারত
২০১৪

DEPARTMENT OF BENGALI
RABINDRANATH TAGORE SCHOOL OF INDIAN
LANGUAGES & CULTURAL STUDIES
ASSAM UNIVERSITY, SILCHAR
(A CENTRAL UNIVERSITY CONSTITUTED
UNDER ACT XIII OF 1989)
SILCHAR - 788011, ASSAM, INDIA

Date 08.09.2014.

CERTIFICATE

Certified that the thesis entitled "বরাক উপত্যকার মুসলিম মরমি গীতিকার ঃ সাধন ও নন্দন" Submitted by **Imdadur Rahman** for award of the Degree of Doctor of Philosophy in Bengali is a bonafide research work. This work has not been submitted previously for any other degree of this or any other university. It is further certified that the candidate has complied with all the formalities as per the requirements of Assam University. I/We recommend that the thesis may be placed before the examiners for consideration of award of the degree of this university.

Alauddin Mondal
Alauddin Mondal
Name & Signature of the
Supervisor
Department of Bengali
Assam University, Silchar

Dr. Alauddin Mondal
Assistant Professor
Deptt. of Bengali
Assam University, Silchar
(A Central University)

DECLARATION

I, Imdadur Rahman bearing Registrationb No. Ph.D/1424/2011 dated 11/04/2011 hereby declare that the subject matter of the thesis entitled "বরাক উপত্যকার মুসলিম মরমি গীতিকার ঃ সাধন ও নন্দন" is the record of work done by me and that the contents of this thesis did not form the basis for award of any degree to me or to anybody else to the best of my knowledge. The thesis has not been submitted in any other University/Institute.

This thesis is being submitted to Assam University for the degree of Doctor of Philosophy in Bengali.

Imdadur Rahman
Candidate

Place: Silchar
Date: 08.09.2014

বিষয় সূচি

১। ভূমিকা

২। প্রথম অধ্যায় ঃ মরমি সঙ্গীতের সংজ্ঞা, স্বারূপ ও বিকাশ।

৩। দ্বিতীয় অধ্যায় ঃ বরাক উপত্যকার মরমি সঙ্গীতের পরিচয় এবং সাধনার অন্যান্য ধারা।

৪। তৃতীয় অধ্যায় ঃ বরাক উপত্যকার রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক জীবনে মরমি সঙ্গীতের গুরুত্ব।

৫। চতুর্থ অধ্যায় ঃ বরাক উপত্যকার বিশিষ্ট মুসলিম মরমি গীতিকার ঃ সাধন ও নন্দন।

৬। উপসংহার

৭। পরিশিষ্ট ঃ ক) পরিশিষ্ট - ১

খ) পরিশিষ্ট - ২

গ) পরিশিষ্ট - ৩

৮। গ্রন্থপঞ্জি

প্রথম অধ্যায়
মরমি সংগীতের সংজ্ঞা, স্বরূপ ও বিকাশ

মরম শব্দের আভিধানিক অর্থ হল অন্তরের নিগূঢ়তম প্রদেশ। সৃষ্টিকর্তা আর সৃষ্টির গূঢ় রহস্য উপলব্ধি ও উদঘাটনই হচ্ছে মরমি সাহিত্যের মূল কথা। মরমিয়া কথাটি ধর্ম ও সাধনার সঙ্গে যুক্ত। মরমিয়া সংগীত সুস্বাদু কিন্তু রহস্যময়। কবি-মনের সূক্ষ্মাতিসূক্ষ্ম রসানুভূতির প্রকাশ ঘটে মরমি সঙ্গীতে। মরমি কবিরা অনেক সময় কিছু প্রতীকের ব্যবহার করে থাকেন যা প্রায়শ ব্যক্তিগত হওয়ায় সাধারণ মানুষের কাছে এর অর্থব্যূহ ভেদ করা সর্বদা সহজবোধ্য হয় না।

অতিন্দ্রীয়বাদ বা মিষ্টিসিজম সম্পর্কে বলতে গিয়ে Robert S. Ellwood বলেন - "Mysticism is the means of ultimate transformation. ..... a mystical experience is a state of consciusness whose dominent symbols and structures of thought, behavoiur, and expression relate to ultimate transformation of self and world, and whose same symbole and structures derive from or construct a system with theoretical, practical, and sociological components also pointing toward ultimate transformation. ..... Mystica! experience is experience in a religious context that is immediately or subsequently interpreted by the experiencer as encounter with ultimate divine reality in a direct nonrational way that endengers a deep sense of unity and of living during the experience on a level of being other than the ordinary".[১]

Evelyn Underhill-এর মতে "Mysticism in its pure form, is the science of ultimates, the science of union of unit with the Absolute,

গ্রন্থপঞ্জি

১। শ্রীশচন্দ্র দাশ; সাহিত্য-দর্শন; শীলভদ্র দাশ ও আদ্রিকা নাথ, কলকাতা; ১৯৯৯।

২। ড. মোঃ সোলায়মান আলী সরকার; লালন শাহের মরমী দর্শন; বাংলা একাডেমী, ঢাকা; ১৯৯৪।

৩। ড. মোঃ সোলায়মান আলী সরকার; বাংলার বাউল দর্শন; বাংলা একাডেমী, ঢাকা; ১৯৯২।

৪। অনুপম হীরা মণ্ডল; বাংলাদেশের লোকধর্ম, দর্শন ও সমাজ তত্ত্ব; বাংলা একাডেমী, ঢাকা; ২০১০।

৫। গুরুসদয় দত্ত; শ্রীহট্টের লোক সঙ্গীত; কলকাতা বিশ্ববিদ্যালয়; ১৯৯৬।

৬। সুধীর চক্রবর্তী; বাউল ফকির কথা; লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, পশ্চিমবঙ্গ; ২০০১।

৭। আব্দুর রাকিব; ইসলামে মরমী প্রবণতা (অনুবাদ); লেখা প্রকাশনী; কলকাতা; ২০০১।

৮। ড. আলাউদ্দিন মণ্ডল; আলোচনা চক্র, সংকলন ৩৪; চিরঞ্জীব শূর, বেলঘরিয়া, কলকাতা; ২০১৩;

৯। ড. ওসমান গনী; ইসলাম ও সুফীসমাজ; বুকস ওয়ে, কলকাতা; ২০০১।

১০। ড. শিবতপন বসু; বরাক উপত্যকার মাটি ও মানুষ; গৌরী বসু, বদরপুর; ২০০০।

১১। ড. আলাউদ্দিন মণ্ডল; উপন্যাসে অন্যস্বর; নয়া উদ্যোগ, কলকাতা; ২০১২।

১২। ড. মুসা কালিম; মধ্যযুগের বাংলা সাহিত্যে হিন্দু-মুসলমান সম্পর্ক; মল্লিক ব্রাদার্স, কলকাতা; ১৯৮৮।

Ph.D. উপাধির জন্য প্রদত্ত গবেষণা সন্দর্ভ

বিষয় ঃ সন্তোষকুমার ঘোষের উপন্যাসে ব্যক্তি ও সমাজ।

উপস্থাপক

রামেন্দ্র দাস

পঞ্জিয়ন ক্রম : **Ph.D./1265/2010**

তারিখ : **04-10-2010** ইং।

বাংলা বিভাগ

রবীন্দ্রনাথ ঠাকুর ভারতীয় ভাষা ও সংস্কৃতিচর্চা অধ্যয়ন অনুষদ

আসাম বিশ্ববিদ্যালয়

শিলচর-৭৮৮০১১, ভারত

মে ২০১৪ ইং।

Department of Bengali,
Rabindranath Tagore School of Indian Indian Languages & Cultural Studies, Assam University, Silchar (A Central University Constituted under Act XIII of 1989) Silchar-788011, Assam, India.

Dr. Ashok Das
Asstt. Prof.
Dept. of Bengali
Assam University, Silchar.

Ph. : 03842-270364
Mob : 9859147301
E-mail-ashokdasau@gmail.com

CERTIFICATE

Date : 15-05-2014

Certified that the thesis entitled 'সন্তোষকুমার ঘোষের উপন্যাসে ব্যক্তি ও সমাজ' **(Eng : *Individual & Society in Novels of Santosh Kumar Ghosh*)"** submitted by **Ramendra Das** for award of the Degree of Doctor of Philosophy in Bengali is a bonafide research work. This work has not been submitted previously for any other degree of this or any other University. It is further certified that the candidate has completed with all the formalities as per the requirements of Assam University. I recommend that the thesis may be placed before the examiners for consideration of award of the degree of this University.

Name & Signature of the
Superviser
Department of Bengali

Assam University, Silchar.

DECLARATION

I, Ramendra Das bearing Registration **Number Ph.D/1265/2010 dated 04-10-2010** hereby declare that the subject matter of this thesis entitled 'সন্তোষকুমার ঘোষের উপন্যাসে ব্যক্তি ও সমাজ' **(Eng : *Individual & Society in Novels of Santosh Kumar Ghosh*)** is the record of work done by me and that the contents of this thesis did not form the basis for award of any degree to me or to anybody else to the best of my knowledge. This thesis has not been submitted in any other University / Institute.

This thesis is being submitted to Assam University for the Degree of Doctor of Philosophy in Bengali.

Place : Silchar
Date : 15th May 2014

(Ramendra Das)
Candidate

মুখবন্ধ

বাংলা সাহিত্যের এক বরিষ্ঠ লেখক সন্তোষকুমার ঘোষ। ১৯৫০ সালে 'কিনু গোয়ালার গলি' উপন্যাস লিখে যিনি বাংলা উপন্যাস সাহিত্যে আত্মপ্রকাশ করেন। কৃতি সাংবাদিক সন্তোষকুমারের ভাষাশিল্পে রয়েছে আত্মানুসন্ধানের ছাপ। শিল্পকে তিনি শিল্প হিসাবে দেখেননি, তৈরি করেছেন মানবতার সেতু রূপে। তাইতো কলকাতা শহরকে নির্ভর করে ব্যক্তি ও জীবনের কথা তুলে ধরেছেন তার উপন্যাসে। তাঁর গভীর উপলব্ধিতে তৈরি হয়েছে সৃজন ঢালা, এজন্য নিজ জীবনের কিছুটা হলেও আভাস দিয়ে গেছেন তাঁর কথাসাহিত্যে। এজন্য তাঁর সবকটি উপন্যাসে উঠে এসেছে জীবনের ব্যাখ্যা। মধ্যবিত্ত জীবনের ছবি তুলে ধরতে তিনি স্মার্ট গদ্যরীতি ব্যবহার করে উপন্যাসের আঙ্গিকে নতুনত্ব দেখিয়েছেন। এছাড়াও তাঁর উপন্যাসে রয়েছে সমকালীন রাজনীতি, সমাজ ব্যক্তির বিচিত্র টানাপোড়েনের ছবি এবং নারীর সামাজিক অবস্থান। এজন্য এ গবেষণা কর্মে রয়েছে তিনি কতটুকু সমকাল থেকে বর্তমান কাল পর্যন্ত ব্যপ্ত তারই সামগ্রিক চিত্র। এই অন্বেষণই আমার গবেষণা সন্দর্ভের প্রতিপাদ্য বিষয়।

গবেষণা কর্মটির নির্দেশক আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড° অশোক দাস। তাঁর নিরন্তর দিক নির্দেশের ফলেই আলোচ্য গবেষণা সন্দর্ভ বাস্তব রূপ লাভ করেছে। তাঁর কাছে আমার ঋণ অপরিশোধ্য। এ ছাড়াও বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান অধ্যাপিকা ড° বেলা দাস ও অন্যান্য অধ্যাপক, অধ্যাপিকাগণের সস্নেহ সাহায্য এবং অমূল্য মতামত গবেষণা কর্মকে চালিয়ে নিয়ে যেতে আমাকে প্রাণিত করেছে।

গবেষণা কর্মটির জন্য বহু গ্রন্থাগারের সাহায্য নিতে হয়েছে। আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগীয় গ্রন্থাগার এবং কেন্দ্রীয় গ্রন্থাগার না থাকলে এই গবেষণা অসম্পূর্ণ থেকে যেত। এ ছাড়াও শিলচরের রাধা মাধব কলেজের লাইব্রেরি, কলকাতা ন্যাশনেল লাইব্রেরি, কলকাতা লিটিল ম্যাগাজিন লাইব্রেরি ও গবেষণা কেন্দ্র প্রভৃতি এবং আমার তত্ত্বাবধায়কের ব্যক্তিগত লাইব্রেরির বই আমাকে গবেষণা কর্মে যথেষ্ট সাহায্য করেছে। এবং বিশেষ করে আমার জ্যাঠতুতো দুই ভাই ও বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের নিরন্তর সাহায্যের কথাও আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করি।

এ ছাড়াও এই গবেষণা কর্ম আরম্ভ করার মাত্র চারমাস পর আমার বাবা মারা যান এবং প্রয়াত মা ও সর্বোপরি অগ্রজ ভ্রাতা ও ভগিনীর নিরন্তর উৎসাহ আমাকে এই গভেষণা কর্ম করতে প্রাণিত করেছে তাদেরকে প্রণাম। এ ছাড়াও আমার অনেক শুভাকাঙ্খী বন্ধু-বান্ধবীগণ আমাকে বিভিন্ন ভাবে উৎসাহ ও সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। ওরা সকলকেই ধন্যবাদার্হ।

বাংলা বিভাগ
আসাম বিশ্ববিদ্যালয়, শিলচর।

রামেন্দ্র দাস

****

সূচীপত্র

বিন্যাসক্রম	শীর্ষনাম	পৃষ্ঠা সংখ্যা
	ভূমিকা	১-৭
প্রথম অধ্যায়	জীবন ও সাহিত্যকৃতি	৮-৩০
	সন্তোষকুমার ঘোষের সংক্ষিপ্ত জীবনপঞ্জি ও সাহিত্যকৃতি	
	উপন্যাস ছোটগল্প ও সমগ্র রচনার কালানুক্রমিক পরিচয়	
	প্রতিনিধিমূলক রচনা	
	সাংবাদিক গদ্য	
	বিদেশ ভ্রমণ ও পুরস্কার এবং চিত্রশিল্পী সন্তোষকুমার	
দ্বিতীয় অধ্যায়	সময়ের অন্তঃস্বর	৩১-৬২
	স্বাধীনতার অব্যবহিত পরবর্তীকালে বঙ্গীয় সমাজ	
	নতুন জীবনের স্বপ্ন থেকে নৈরাশ্য	
	পারিবারিক বৃত্তে ভাঙ্গনের সূচনা	
	মূল্যবোধের অবক্ষয়	
	উপন্যাসে নতুন ধরণের সূচনা	
	অন্তর্বস্তু ও রচনাশৈলীতে পর্বান্তর	
তৃতীয় অধ্যায়	কিনু গোয়ালার গলি ঃ মধ্যবিত্তের জীবনসত্যের সন্ধান	৬৩-১০১
চতুর্থ অধ্যায়	মোমের পুতুল ঃ সমাজ বাস্তবতা ও সময়ের দ্বিরালাপ	১০২-১৪২
পঞ্চম অধ্যায়	জল দাও ঃ স্বীকারোক্তি থেকে প্রার্থনার এক পাণ্ডুলিপি	১৪৩-১৬৬
ষষ্ঠ অধ্যায়	শেষ নমস্কার, ‘শ্রীচরণেষুমা’কে ঃ মাতৃ অন্বেষণের	
	দর্পণে আত্মউন্মোচন	১৬৭-২০২
সপ্তম অধ্যায়	সময় আমার সময় ঃ নকশাল আন্দোলনের অকথিত দলিল	২০৩-২২৬
অষ্টম অধ্যায়	সামগ্রিক প্রতিবেদনের দর্পনে ঔপন্যাসিকের উপন্যাস সমগ্র ঃ	
	জীবনানুরাগের স্বয়ং নায়ক	২২৭-২৪৭
	উপসংহার	২৪৮-২৬০
	গ্রন্থপঞ্জি	২৬১-২৬৮

ভূমিকা

।। এক ।।

মানুষ সামাজিক জীব, এই সমাজই ব্যক্তি মানুষকে তৈরি করে। তাই সমাজে আরও নানা প্রাণিকুল থাকলেও তাদের জ্ঞান বা অনুভূতি নেই। এই অনুভূতিগ্রাহী মস্তিষ্ক যুক্ত মানুষই ব্যক্তি। এজন্য সমাজ পরিচালনা করার জন্য ব্যক্তির দরকার আর; এই ব্যক্তিই হয়ে ওঠে সমাজের মূল চাবিকাঠি। তাইতো প্রত্যেক ব্যক্তিই কোন না কোন সমাজের অন্তর্ভূক্ত। এই ব্যক্তি গোষ্ঠীবদ্ধ কিংবা সংঘবদ্ধ জীবনযাত্রায় অবস্থিত থেকেও তাদের একটা নিজস্বতা বজায় রেখে চলে, এই চলাকে আমরা ব্যক্তির ব্যক্তিত্ব বলে আখ্যা দিয়ে থাকি। এই ব্যক্তি ও সমাজের মধ্যে রয়েছে একটা পারস্পরিক সম্পর্ক।

ব্যক্তির ব্যক্তিত্ব নিয়ে সমাজে স্বাধীনভাবে নিজস্ব বুদ্ধি বিবেচনা অনুযায়ী আচরণ করে সমাজের আরো দশজনের সঙ্গে বুদ্ধি বিবেচনার বিনিময় করার আচরণকেই ব্যক্তিত্বের অধিকারী করে তোলো। সেজন্য অন্যপক্ষে বলা চলে সমাজ মানুষেরই অর্থাৎ ব্যক্তির সৃষ্ট আচার-আচরণ থেকেই সমাজ ঘটিত হয়। এই সমাজের সুষ্ঠ কতকগুলি নিয়ম কানুন, সংঘ-প্রতিষ্ঠান একটা সমষ্টিগত গঠন প্রকৃতি নিয়ে সমাজ গঠিত। এই সমাজে ব্যক্তির অর্জিত জ্ঞান অভিজ্ঞতায় জীবন যাত্রার প্রবাহ পথে যে সকল আদর্শ তৈরি হয়েছে তা সমাজের প্রকৃতিতে তারই প্রতিফলন ঘটে। এজন্য বলা চলে সমাজের সেই স্তর ও মান অনুযায়ী ব্যক্তি মানুষের চাহিদা, আশা-আকাঙ্কা, জীবন পদ্ধতি নিয়ন্ত্রিত করে চলে। এজন্য এই ব্যক্তি ও সমাজ উভয়ের পারস্পরিক সম্পর্কের মধ্যেই ব্যক্তির চলাফেরা।

সমাজেই এই ব্যক্তি একে অপরের সঙ্গে অর্থাৎ বন্ধু-বান্ধব, প্রতিবেশী, দেশবাসী সকলের অনুভূতি পাওয়ার জন্য আমরা একে অপরের প্রতি নিজের চিন্তা-ভাবনা জানিয়ে থাকি। কিন্তু আমি ঠিক যেভাবে চাই, সেভাবে অপরের দিক থেকে সাড়া পাই না, তাই এই হৃদয় দিয়ে হৃদয়কে অনুভব করতে পারি না বা পরেতে চেষ্টা করি না এই হৃদয় শোণিত ব্যাপারই উপন্যাস সাহিত্যে বিরাজমান, আর এই প্রত্যেক ব্যক্তি রূপের জীবনই উঠে এসেছে সন্তোষকুমার ঘোষের কথাসাহিত্যে।

বাংলা উপন্যাসের প্রকাশ কাল থেকে বর্তমান পর্যন্ত এই ব্যক্তি ও সমাজের কথা উঠে এসেছে বারংবার। উঠে এসেছে সময়ের দাবি নিয়ে অসম অর্থনীতির চালচিত্র, সমাজের সর্বস্তরের উপর ছায়া ফেলেছে আর এই ছায়া বাংলা উপন্যাস শিল্পের বিকাশ ঘটিয়েছে। এই অসম অর্থনীতির স্বীকার সাধারণ মধ্যবিত্ত জনগন। এই মধ্যবিত্তের কথাই সাহিত্য ও সমাজে সিংহভাগ নিয়ে টিকে

রয়েছে। সমাজের সিংহভাগ মানুষই মধ্যবিত্ত, তাদের কথাই বেশির ভাগ শিল্পী তাদের ভাষা তুলে ধরেছেন। আর বিশেষ করে আমাদের আলোচ্য লেখক তার উপন্যাসে এই মধ্যবিত্তের কথাই বর্ণনা করেছেন। তিনি নিজে এই সমাজের লোক বলে হয়তো এর বর্ণনা তার কাছে আরও সহজভাবে নিপুন দক্ষতার শিল্পরূপে প্রতিষ্ঠিত।

ভারতবর্ষের স্বাধীনতা উত্তরকালে লেখকের উপন্যাস সৃষ্টি এবং প্রকাশ। তাইতো তার লেখায় স্বাধীনতা পূর্ববর্তী দেশের নানা সমস্যার ফলে মধ্যবিত্তের যে হতাশা ব্যক্তিত্বরূপ, স্বপ্ন ভাঙ্গার ইতিহাস এবং পরিবারের ভাঙন ও মূল্যবোধের অবক্ষয়ের চিত্রই তাঁর উপন্যাসের বিষয়বস্তু হয়ে ধরা দিয়েছে। বিশেষ করে দেশের এসব পরিস্থিতির ফলে সাধারণ মধ্যবিত্তরা নগরমুখী হয় এবং এই শহুরে বৃত্তি নির্ভরতার বিশেষ ছাঁদ নিয়েই মধ্যবিত্তের দলিল সন্তোষকুমারের হাতে সমাজ বাস্তবতার ইতিহাস হয়ে পাঠকের কাছে চিত্ররূপ মহিমায় মহিমান্বিত।

সাধারণ ভাবে বলা চলে এই মধ্যবিত্তের অর্থ হলো, না ধনী না গরীব শ্রেণি। সত্যিকার অর্থে এরা একটি জটিল শ্রেণির মানুষ এরা অর্থনৈতিক এবং সামাজিক দিক থেকে বিরাট ভাবে অবস্থানগত পার্থক্য রয়েছে। এই মধ্যবিত্ত বা নিম্নমধ্যবিত্ত বলতে আমরা যা বুঝি তা হলো, স্বল্পবেতনভোগী, সীমিত আয়ে যাদের সংসারের খাওয়া পরা চলে। এদের সামাজিক মান ও জীবনযাত্রার মান এবং চিন্তার ক্ষেত্রে নিম্নমধ্যবিত্ত ও মধ্যবিত্ত প্রায় একই ধাঁচের ব্যক্তিমানুষ।

এজন্য অর্থনৈতিক ভাবে এই শহুরে মধ্যবিত্তরা কায়িক পরিশ্রম না করে মানসিক পরিশ্রম করে জীবন বাঁচাতে চায় কিন্তু তাও পারে না, সীমিত আয়ের মধ্যে তারা পরিবার প্রতিপালন করতে গিয়ে হিমশিম খায়। এজন্য সামাজিক মূল্যবোধ নষ্ট হয়ে পড়ে আর এরকম চিত্রই আমরা সন্তোষকুমার ঘোষের উপন্যাসে দেখি। শহরের জীবন যাত্রায় মধ্যবিত্তরা অল্প আয় করে কীভাবে জীবিকা নির্বাহে কঠিন বাস্তবের মুখোমুখী এসে দাঁড়ায়, কিংবা দারিদ্রক্লিষ্ট পরিবার নিয়ে সংসার সমুদ্রে ভেসে যায়, সামান্যতম শান্তির জায়গা খুঁজে পায় না; এই জায়গা খুঁজতে গিয়ে করে বাসা বদল, হয় পরিবারের ভাঙন, ছোট সংসার অথবা সীমিত জনসংখ্যা হলে ভাবে তাদের সংসারের বোঝ হালকা হবে কিন্তু কোন অবস্থাতেই এই বোঝার পরিমান কমে না। তাদের স্বপ্ন বাস্তবে রূপায়িত হয় না এরই সার্থক শিল্পসম্মত রূপদানই আমাদের লেখক সন্তোষকুমার তার কথাসাহিত্যে তুলে ধরেছেন।

মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত সমাজের ব্যক্তির কথা বলতে গিয়ে আমরা দেখি সন্তোষকুমার ঘোষের উপন্যাসে ব্যক্তির মনস্তাত্বিক বিশ্লেষণ, সামাজিক দায়বদ্ধতাকে স্বীকার করেছেন। এই

ব্যক্তিকে তিনি পরিবর্তিত করে তার অধিকার চেতনা, দায়িত্ববোধ, প্রতিবাদী মনস্কতার যে রূপ আমরা দেখি তা লেখকের কথাসাহিত্যে সচেতন ভাবে জায়গা করে নিয়েছে। পুরুষপক্ষে, নারীপক্ষে এবং যৌথ অবস্থানের ভিত্তিগুলি আলাদা আলাদা ভাবে বিদ্যমান। এজন্য পুরুষপক্ষে তার সামাজিক দায়বদ্ধতার কথা আর নারীপক্ষে তার সামাজিক অবস্থানের কথা এবং রাজনৈতিক ক্ষেত্রেও তাদের জীবন প্রয়োজনে উদ্ধুদ্ধ হয়ে উঠেছে এই মধ্যবিত্ত শ্রেণি। এই শ্রেণির কথা সার্থক সুন্দরভাবে সমাজ বাস্তবতার ও সময়ের দ্বিরালাপে বিশিষ্ট রূপ দান করেছেন।

এজন্য সন্তোষকুমারের উপন্যাস আলোচনায় এসে আমরা দেখি ব্যক্তি ও সমাজের শরীরী রূপটা বিশেষ করে স্বাধীনতা পরবর্তী সময়ের (পঞ্চাশের দশক থেকে সত্তর দশক পর্যন্ত) বাংলা উপন্যাসের রূপটা আমাদের কাছে প্রত্যক্ষ গোচর। মধ্যবিত্তের এই রাজনৈতিক ও সামাজিক দিক ঠিক কোন পথে, সমকালীন কোন ব্যক্তি মানুষ আর এদের কর্ম পদ্ধতির যে রূপটি আমাদের দৃষ্টির বাইরে ছিল। সন্তোষকুমার ঘোষই আমাদের দৃষ্টিকে সেদিকে টেনে নিয়ে গেছেন।

মধ্যবিত্ত শ্রেণির প্রতিনিধি সাংবাদিক সন্তোষকুমারের গদ্য আত্মানুসন্ধানী ঔপন্যাসিক রূপে জীবনের মানে খুঁজেছেন। জীবন কী? সততই এর প্রশ্নের অনুসন্ধানে রত তিনি তাই তাঁর উপন্যাসে শুধু সরস গল্পই সৃষ্টি হয়নি হয়ে উঠেছে ব্যক্তি ও সমাজের দায়বদ্ধতার পরিমাণ ও শিল্প বিচারের আবশ্যিক সর্ত। কালচেতনার দর্পনে তার সমাজভাবনা ও মধ্যবিত্তেরর জীবন রসরসিকতার মান নির্ণয় করতে হলে তাঁর উপন্যাসগুলির কাছে গিয়ে আমাদের দাঁড়াতেই হয়।

।। দুই ।।

